তারুণ্য বার্তা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ-এর একটি অনলাইন বার্তাপত্র

করোনা সচেতনতায় তর্কযুদ্ধ

করোনাভাইরাস সংক্রমণের এই ক্রান্তিকালে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধি ও বুদ্ধিবৃত্তিক চর্চায় আগ্রহী করার লক্ষ্যে ইয়ুথ এন্ডিং হাঙ্গার নওগাঁ জেলা ফোরামের আয়োজনে গত ৫ জুলাই অনলাইন বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বিতর্কের প্রতিপাদ্য বিষয় ছিল "করোনা ক্রান্তিকালে শিক্ষার্থীদের পাঠদানে অভিভাবকের ভূমিকাই মূখ্য"। অনলাইন বিতর্ক প্রতিযোগিতায় নওগাঁ শহর থেকে তোহান হোসেন পল্লব, মহাদেবপুর সদর ইউনিটের তারেক হাসান, পত্নীতলা উপজেলা ইউনিটের তসিবা পারভীন নিশি, নওগাঁ জেলা ফোরামের যুগ্ম-সমন্বয়কারি সৈকত হোসেন, রাজশাহী সিটি ইউনিট থেকে মনির হোসাইন উৎস এবং হবিগঞ্জ সদর থেকে নাসিমা আক্তার বিথী অংশগ্রহণ করেন। দি হাঙ্গার প্রজেক্টের নওগাঁ এলাকা সমন্বয়কারী আসির উদ্দীনের সঞ্চালনায় বিচারক হিসেবে সভাপতিত্ব করেন রাজশাহী জেলা ফ্যাসিলিটেটর আল আমিন মিয়া, রাজশাহী সিটি ইউনিটের সাবেক সমন্বয়কারী নুরে ফজিলাতুন নেছা লাবণী এবং সাবেক জাতীয় ফোরাম সমন্বয়কারী মোস্তাফিজুর রহমান সজল।



বিতর্ক প্রতিযোগিতায় সেরা তার্কিক হিসেবে পুরস্কৃত হয়েছেন নওগাঁ থেকে অংশগ্রহণকারী তোহান হোসেন পল্লব। বিজয়ীকে ৫০০ টাকা এবং সকল প্রতিযোগীকে নওগাঁ জেলা ইয়ুথ ফোরামের পক্ষ থেকে দুই জিবি করে মোবাইল ডাটা প্যাকেজ পুরস্কার হিসেবে প্রদান করা হয়। ধারাবাহিকভাবে অনুষ্ঠিত এ প্রতিযোগিতার দ্বিতীয় পর্বে বারোয়ারী বিতর্ক অনুষ্ঠিত হয় গত ১২ জুলাই। এ পর্বের বিষয় ছিল "করোনা সহনশীল এলাকা গড়ে তুলতে সকলের অংশগ্রহণ ও করণীয়"। দ্বিতীয় পর্বে সেরা তার্কিক মনোনীত হন মহাদেবপুর উপজেলার ইয়ুথ লিডার তারেক হাসান। নওগাঁ জেলা ইয়ুথ ফোরামের যুগ্ম সমন্বয়কারী সৈকত হোসেন এবং পত্নীতলা উপজেলা ইউনিট থেকে তসিবা পারভীন নিশি প্রতিযোগিতা আয়োজনে সার্বিকভাবে ভূমিকা রাখেন। উল্লেখ্য, করোনাভাইরাস সহনশীল গ্রাম গড়ে তুলতে সামাজিক সচেতনতা বৃদ্ধিতে অনলাইনে বিতর্ক প্রতিযোগিতা ইয়ুথ এন্ডিং হাঙ্গারের কার্যক্রমে নতুন মাত্রা যুক্ত করেছে।



ইয়ুথ এন্ডিং হাঙ্গারের রক্তদান কর্মসূচি

মেহেরপুর জেলার বামন্দী ইয়ুথ এন্ডিং হাঙ্গার ইউনিটের ইয়ুথ লিডার খোকন আলী গত ২৮ জুন বামন্দীর মাহি ক্লিনিকে চরগোয়াল গ্রামের অসুস্থ প্রবীণ টুকেন মিয়ার জীবন বাঁচাতে রক্তদান করেন। বিভিন্ন জায়গায় রক্তের খোঁজ করে রক্ত না পাওয়ায় বামন্দী ইয়ুথ ইউনিটের যুগ্ম সমন্বয়কারী সবুজ খানকে অবগত করলে তারা রক্তের ব্যবস্থা করে দেন। গত ৪ জুলাই মেহেরপুর জেলার ধানখোলা ইউনিটের ইয়ুথ লিডার তানভীর একজন অসুস্থ নারীকে রক্তদান করেন। অপরদিকে একই জেলার বজোপুর গ্রামের ইয়ুথ লিডার মামুন হোসেন বামন্দীর মাহি ক্লিনিকে বজোপুর গ্রামের একজন অসুস্থ নারীকে রক্তদান করেন।

করোনাভাইরাস সংক্রমণের এই ক্রান্তিকালে রক্ত দিয়ে বিপদগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানোর জন্য সকলকে আহ্বান জানান ইয়ুথ এন্ডিং হাঙ্গার যশোর অঞ্চলের ইয়ুথ লিডাররা। তারা নিজেরা নিয়মিত রক্তদান করার পাশাপাশি অন্যদেরকেও এই মহৎ কাজে উৎসাহিত করছেন।

জীবাণুনাশক স্প্রে করছে আন্দুলিয়া ইউনিট

খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার রঘুনাথপুর ইউনিয়নের আন্দুলিয়া গ্রামের ইয়ুথ লিডার মাছুম বিল্লাহ। তিনি গত ১৮ জুন আন্দুলিয়া দক্ষিণপাড়া গ্রামভিত্তিক ইয়ুথ ইউনিটের ১২ জন সদস্যকে সাথে নিয়ে পুরো গ্রামে ৩০০ লিটার জীবাণুনাশক স্প্রে করেছেন। তাদের এ উদ্যোগের ফলে গ্রামে প্রায় ১,৫০০ মানুষ করোনাভাইরাসের ঝুঁকি থেকে কিছুটা সুরক্ষিত আছেন। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতা নিয়ে তারা কাজটি পরিচালনা করছেন।

রঘুনাথপুর ইউনিয়নের ইয়ুথ এন্ডিং হাঙ্গারের তরুণ স্বেচ্ছাব্রতীরা স্থানীয় সমাজসেবীদের সহযোগিতা নিয়ে এই কাজটি ভবিষ্যতেও চালিয়ে যাবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন। একইসাথে তারা সাধারণ মানুষকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য বিভিন্নভাবে সচেতন করার প্রয়াস চালিয়ে যাচ্ছেন।

উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
yeh.thpbd.org | thpbd.org
facebook.com/YEHBD
হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪) ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
ফোন: ৯১৩-০৪৭৯, ৯১২-২০৮৬